দৈনিক ইত্তেফাক

২৭।২।২০০০

তারিখ ... ... ... .. . . ... ...
পৃষ্ঠা . . . .. কলাম .. ... ......

১৩




চেম্বার মিলনায়তনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির উদ্যোগে আয়োজিত 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট ও সমাধানের উপায়' শীর্ষক গোলটেবিল বৈঠক -ইত্তেফাক

# গোল টেবিল বৈঠকে চট্টগ্রাম ভার্সিটির সংকট নিরসনে ২৫ দফা প্রস্তাব

চট্টগ্রাম অফিস ॥ গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনকল্পে আয়োজিত গোলটেবিল বৈঠকে বলা হয়, বিশ্ববিদ্যালয়কে সচল করিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষক ও ছাত্র নেতৃবৃন্দকে এক টেবিলে আলোচনায় বসিতে হইবে। আলোচনার পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ইতিপূর্বে গ্রেফতারকৃত ৫৪ জন ছাত্রের মুক্তি ও ১৯শে ডিসেম্বর সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। চট্টগ্রাম চেম্বার মিলনায়তনে 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চলমান সংকট ও সমাধানের উপায়' (২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## গোলটেবিল বৈঠকে

(১ম পৃঃ পর)

শীর্ষক দিনব্যাপী গোলটেবিল বৈঠকে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সমস্যা সমাধানে সকল পক্ষের প্রতিনিধি সমন্বয়ে পরিবেশ পরিষদ গঠন করিতে হইবে। আচরণবিধি কার্যকর করিতে হইবে। লেজুড়বৃত্তির ছাত্র রাজনীতি বন্ধ করিতে হইবে। ক্যাম্পাসে সীমিত সংখ্যক পুলিশ রাখিয়া তাহাদের নিয়ন্ত্রণের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের ক্ষমতা বৃদ্ধি করিতে হইবে। সাদা পোশাকে কোন পুলিশ ক্যাম্পাসে থাকিতে পারিবে না। ইহাছাড়া ক্যাম্পাস হইতে কাহাকেও গ্রেফতার করিতে ভিসি'র অনুমতি গ্রহণ করিতে হইবে। ছাত্রদেরকে ক্লাসে আবদ্ধ রাখিতে শিক্ষকদেরই ভূমিকা রাখিতে হইবে। গোলটেবিল বৈঠকে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে ২৫টি প্রস্তাব লিপিবদ্ধ করা হইয়াছে। বৈঠকে বিভিন্ন বক্তা বলেন, বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনে ব্যর্থ হইলে ভিসি ও প্রো-ভিসির পদত্যাগ করা উচিত। বৈঠকে আমন্ত্রিত প্রো-ভিসি অধ্যাপক আবু ইউসুফ আলম ও ছাত্রলীগের অনুপস্থিতিতে বক্তাগণ সমালোচনা করেন এবং ক্ষোভ প্রকাশ করেন। বৈঠকে সমন্বয়কের দায়িত্ব পালন করেন বিশিষ্ট বিজ্ঞানী অধ্যাপক ডঃ জামাল নজরুল ইসলাম। আলোচকদের মধ্যে ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আবদুল মান্নান, সাবেক প্রো-ভিসি অধ্যাপক বদিউল আলম, চট্টগ্রাম চেম্বারের সভাপতি কামাল উদ্দিন আহমদ, চেম্বার পরিচালক এস, এম নূরুল হক, অধ্যাপক ইউসুফ শরীফ আহমদ খান, অধ্যাপক ফজলে হোসেন, অধ্যাপক মোহাম্মদ শামসুদ্দীন, অধ্যাপক মোঃ লোকমান, অধ্যাপক আবদুন নূর, অধ্যাপক ফসিউল আলম, অধ্যাপক ইমাম আলী, মুনির আহমদ প্রমুখ।